



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২৬২০


তারিখ

০৫ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬২০ তম কমিশন সভা অদ্য ১৯/১২/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. আলিফ ম্যানুফেকচারিং কোঃ লিঃ এর রাইট শেয়ার এর প্রস্তাব (১রা:১ অর্থাৎ বিদ্যমান একটি সাধারণ শেয়ারের বিপরীতে একটি রাইট শেয়ার) কমিশন অনুমোদন করেছে। এই রাইট শেয়ার অনুমোদনের ফলে আলিফ ম্যানুফেকচারিং কোঃ লিঃ ১০,৯৩,৯৬,৮৯৫ টি সাধারণ শেয়ার প্রতিটি ১০.০০ টাকা মূল্যে বাজার থেকে পুঁজি উত্তোলনের অনুমতি পেল। এর মাধ্যমে কোম্পানিটি মোট ১০৯,৩৯,৬৮,৯৫০.০০ টাকা পুঁজি উত্তোলন করে BMRE and Capacity Expansion এর শর্ত পরিপালন করবে। রাইটস শেয়ার ডকুমেন্ট অনুযায়ী (মার্চ ৩১, ২০১৭ অনুযায়ী) কোম্পানিটির শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV) টাকা ১৮.৪৩ এবং জুলাই ০১, ২০১৬ থেকে মার্চ ৩১, ২০১৭ সময়কালে শেয়ার প্রতি আয় টাকা ১.৩১। উল্লেখ্য যে, সিটিজেন সিকিউরিটিজ অ্যান্ড ইনভেস্টমেন্ট লিঃ উক্ত রাইট ইস্যুর ইস্যু ম্যানেজারের দায়িত্ব পালন করেছে।
২. বর্তমান কর্পোরেট গভর্নেন্স গাইডলাইনস্ (সিজি) এর যুগোপযোগী পরিবর্তন ও পরিমার্জন করতঃ নতুন কর্পোরেট গভর্নেন্স কোডস্ (সিজিসি) কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে, যা অবিলম্বে জনমত যাচাই এর নিমিত্তে জাতীয় পত্রিকায় প্রকাশ করা হবে।
৩. ডিপজিটরী (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ ও উপ-আইনের বিধি-বিধান এর পরিপালন সাপেক্ষে ইউনাইটেড এন্টারপ্রাইজেস এন্ড কোঃ লিমিটেড এর BO হিসাবে ধারণকৃত ১৭,০৮,৭২,৯৩২টি ইউনাইটেড পাওয়ার জেনারেশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (UPGDCL) এর সাধারণ শেয়ার এবং উক্ত কোম্পানীর শেয়ারহোল্ডার ও পরিচালকদের BO হিসাবে ধারণকৃত সর্বমোট ১৫,৫৭,৭১,৭৫৫টি UPGDCL এর সাধারণ শেয়ার একই মালিকানাধীন ইউনাইটেড এনার্জি লিমিটেড এর BO হিসাবে ডিপজিটরী অংশগ্রহণকারীর (DP) মাধ্যমে স্টক এক্সচেঞ্জ এর লেনদেন ব্যতিত স্থানান্তর কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে। সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা, ২০০২- এর এই সংক্রান্ত বিধি ৮ ও বিধি ১৩ এর পরিপালন হতে উক্ত আইনের বিধি ৩৩- এর আওতায় অব্যাহতি প্রদানের বিষয়টিও কমিশন আজকের সভায় অনুমোদন করেছে।


মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।